পরিস্থিতি নিয়ন্ত্রণে সারাদেশে ২২৮ প্লাটুন বিজিবি মোতায়েন

চেম্বার ডেস্ক: বিএনপি ও জামায়াতের ডাকা ৪৮ ঘণ্টার অবরোধ কর্মসূচি চলছে। এ ছাড়া বিভিন্ন এলাকায় গার্মেন্টস শ্রমিকদের বিক্ষোভ চলমান রয়েছে। এসবকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা পরিস্থিতির যাতে অবনতি হতে না পারে; সেজন্য রাজধানী ঢাকাসহ সারা দেশে ২২৮ প্লাটুন বিজিবি (বর্ডার গার্ড বাংলাদেশ) সদস্য মোতায়েন করা হয়েছে।

আজ সোমবার (৬ নভেম্বর) বিজিবির জনসংযোগ কর্মকর্তা মো. শরিফুল ইসলাম বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, ঢাকাসহ সারা দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ২২৮ প্লাটুন বিজিবি মোতায়ন করা হয়েছে।

এর আগে গতকাল রোববার (৫ নভেম্বর) বিএনপি-জামায়াতের ডাকা টানা ৪৮ ঘণ্টার অবরোধ কর্মসূচি কেন্দ্র করে ঢাকাসহ আশপাশের জেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে ২৭ প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়।